গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
ব্যবসা-বাণিজ্য শাখা
http://www.jamalpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৮.০৯.০০২.২২.৪৭

তারিখ: ১৯ মাঘ ১৪২৮
০২ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: **টিসিবি'র ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি।**

সূত্র: ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ, ঢাকার স্মারক নং-২৬.০৫.০০০০.০২৩.১১.০৫৬.২১/০৯ তারিখ: ১১-০১-২০২২

**উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। টিসিবি'র পণ্য বিক্রয়ের নিমিত্ত টিসিবি'র ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি-২০২২ প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তিটি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।**

**সংযুক্তি: ০৪ ফর্দ।**

বাংলাদেশ রাষ্ট্রীয় কার্যে ব্যবহার্য

পত্র প্রেরক
জেলা প্রশাসকের কার্যালয়
জামালপুর।

২-২-২০২২
মোঃ মাহবুবুল হাসান
সহকারী কমিশনার

উপজেলা নির্বাহী অফিসার,........................
(সকল), জামালপুর।

*Trading Corporation of Bangladesh*
ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ
টিসিবি ভবন, ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

PABX : 8180071
FAX : 88-02-8180057
E-mail : tcb@tcb.gov.bd

পিএবিএক্স : ৮১৮০০৭১
ফ্যাক্স : ৮৮-০২-৮১৮০০৫৭
ই-মেইল : tcb@tcb.gov.bd

নং- ২৬.০৫.০০০০.০২৩.১১.০৫৬.২১/০৯

তারিখ: ১১-০১-২০২২ খ্রি.

বিষয়ঃ টিসিবি'র ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি।

সূত্রঃ অত্র কার্যালয়ের স্মারক নং- ২৬.০৫.০০০০.০২৩.১১.০৫৬.২১/০৮, তারিখ: ১২-০১-২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, টিসিবি'র পণ্য বিক্রয়ের নিমিত্ত ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি-২০২২ টিসিবি'র ওয়েবসাইট (www.tcb.gov.bd)- তে প্রকাশ করা হয়েছে। ডিলার নিয়োগের নিমিত্ত ১৭-০২-২০২২ খ্রি. তারিখ পর্যন্ত টিসিবি' প্রধান কার্যালয়ে আবেদন গ্রহণ করা হবে। বিষয়টি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০৫ (পাঁচ) পাতা।

(মোঃ শেখাবুর রহমান)
উপসচিব
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

জেলা প্রশাসক

..................(সকল)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

১। চেয়ারম্যান, টিসিবি, ঢাকা।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ, সিএমএস ও বিওবি/ বাণিজ্যিক), টিসিবি, ঢাকা।
৩। সচিব, টিসিবি, ঢাকা।
৪। প্রধান কর্মকর্তা (বাণিজ্যিক/ অর্থ ও হিসাব শাখা), টিসিবি, ঢাকা।
৫। অফিস প্রধান, টিসিবি আঞ্চলিক কার্যালয় ও ক্যাম্প অফিস (সকল)।
৬। অফিস কপি।

# ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ

১, কাওরান বাজার, ঢাকা।

টিসিবি'র পণ্য,
দামে সাশ্রয়ী,
মানে অনন্য।

নং-২৬.০৫.০০০০.০২৩.১১.০৫৬.২১/০৮

তারিখঃ ১১-০১-২০২২ খ্রিঃ

## টিসিবি'র ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

টিসিবি'র সুবর্ণজয়ন্তী উপলক্ষে পণ্য বিক্রয়/ বিতরণের জন্য প্রকৃত মুদি ব্যবসায়ীদের মধ্য হতে ডিলার নিয়োগের আবেদন আহ্বান করা যাচ্ছে। আবেদনের সময় ১৭-০২-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত। উক্ত সময়ের পরে কোন আবেদন গৃহীত হবে না। টিসিবি'র ওয়েব সাইট (www.tcb.gov.bd)- এ প্রদত্ত ফরম অনুযায়ী ৫,০০০/- টাকার পে-অর্ডারসহ আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ/ দাখিল করতে হবে। আবেদন ফরমে তথ্য পূরণপূর্বক নমুনা আবেদনে উল্লেখিত তালিকা মোতাবেক প্রয়োজনীয় কাগজপত্রসহ জমা দিতে হবে। তবে, অবশ্যই আবেদনকারীগণের ট্রেড লাইসেন্সে "মুদি ব্যবসা" উল্লেখ থাকতে হবে। আবেদন শুধুমাত্র টিসিবি'র প্রধান কার্যালয়, ১, কাওরান বাজার, ঢাকায় গ্রহণ করা হবে। অন্যত্র দাখিলকৃত কোন আবেদন গ্রহণ করা হবে না। যে কোন আবেদন গ্রহণ বা বাতিল করার ক্ষমতা টিসিবি কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোঃ শেখাবুর রহমান)
উপসচিব
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)

# নমুনা আবেদন

চেয়ারম্যান,
ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)
প্রধান কার্যালয়, টিসিবি ভবন ১, কাওরান বাজার, ঢাকা-১২১৫।

**বিষয়ঃ ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এর ডিলারশীপ প্রাপ্তির আবেদন।**

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমি একজন প্রকৃত মুদি ব্যবসায়ী। আমার দোকানে/ গুদামে ১-৫ মেঃ টন পণ্য গুদামজাত করার মত প্রয়োজনীয় স্থান সংকুলান রয়েছে। টিসিবি কর্তৃক সরবরাহকৃত পণ্যসামগ্রী বিক্রয়ের নিমিত্ত ডিলারশীপ প্রাপ্তির জন্য ৫,০০০ (পাঁচ হাজার) টাকা অফেরতযোগ্য আবেদন ফি (পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট; "ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ" এর অনুকূলে) এবং আর্থিক স্বচ্ছলতার সনদসহ নিম্নোক্ত ছকে যাবতীয় তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্রাদি সংযুক্ত করে দাখিল করিলাম। দাখিলকৃত তথ্যাদি সত্য ও নির্ভুল। আমি টিসিবি'র সকল নিয়ম কানুন ও সিদ্ধান্ত যথাযথভাবে মানিয়া চলার অঙ্গীকার করিতেছি।

<table>
<tr><td>ক)</td><td>আবেদনকারীর নাম:</td><td colspan="4"></td></tr>
<tr><td>খ)</td><td>পিতা/ স্বামী/ স্ত্রীর নাম:</td><td colspan="4"></td></tr>
<tr><td>গ)</td><td>প্রতিষ্ঠানের নাম:</td><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2">ঘ)</td><td colspan="2">পরিবারের অপর কোন সদস্যের নামে টিসিবি'র ডিলারশীপ আছে কি-না? থাকলে নিম্নে তার স্পষ্ট বিবরণ উল্লেখ করুন।</td><td>হ্যাঁ</td><td>না</td><td>তাঁর সাথে সম্পর্ক (যদি থাকে):</td></tr>
<tr><td colspan="5">ডিলারশীপ ও স্বত্বাধীকারীর নাম এবং প্রতিষ্ঠানের ঠিকানা (উপজেলাসহ):</td></tr>
<tr><td>(ঙ)</td><td>প্রতিষ্ঠানের ঠিকানা (উপজেলাসহ):</td><td colspan="4"></td></tr>
<tr><td>(চ)</td><td>স্থায়ী ঠিকানা:</td><td colspan="4"></td></tr>
<tr><td>(ছ)</td><td>জন্ম তারিখ:</td><td colspan="4"></td></tr>
<tr><td rowspan="2">(জ)</td><td rowspan="2">জাতীয় পরিচয় পত্র নং:</td><td colspan="4">বিবাহিত - নিজ ও স্বামী/ স্ত্রী:</td></tr>
<tr><td colspan="4">অবিবাহিত - নিজ ও পিতা:</td></tr>
<tr><td>(ঝ)</td><td>ই-মেইল:</td><td colspan="4"></td></tr>
<tr><td>(ঞ)</td><td>আয়কর সনদ (TIN)</td><td colspan="4"></td></tr>
<tr><td>(ট)</td><td>পে-অর্ডার/ব্যাংক ড্রাফট</td><td colspan="4">নং.................................তারিখ......................<br>ব্যাংকের নাম.....................................................</td></tr>
</table>

এমতাবস্থায়, আমার দাখিলকৃত কাগজপত্র পরীক্ষান্তে আমাকে টিসিবি'র ডিলার হিসাবে নিয়োগ প্রদান করিয়া বাধিত করিবেন। আমার দাখিলকৃত কাগজপত্রে অসংগতি বা কোন অসত্য তথ্য পাওয়া গেলে আমার বিরুদ্ধে যে কোন শাস্তিমূলক ব্যবস্থা আমি মেনে নিতে বাধ্য থাকিব।

বিনীত নিবেদক
নামঃ......................................
ফোন নং....................................

**সংযুক্তিঃ**

০১। দুই কপি ছবি।
০২। ট্রেড লাইসেন্স (মুদি ব্যবসায়ী)।
০৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।
০৪। জাতীয় পরিচয় পত্র (NID)
০৫। আয়কর সনদপত্র (TIN)
০৬। দোকান ভাড়া দলিল/মালিকানার প্রমাণক।
০৭। VAT নিবন্ধন সনদপত্র (যদি থাকে)।
০৮। চেয়ারম্যান/পৌরসভা/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
০৯। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ-এর অনুকূলে অফেরতযোগ্য আবেদন ফি বাবদ ৫,০০০/-টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট।

Trading Corporation of Bangladesh * Dhaka * TCB

**ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ**

প্রধান কার্যালয়, ঢাকা।

**ডিলার নিয়োগের সংশোধিত গাইড লাইন-২০২১**

কতিপয় নিত্যপ্রয়োজনীয় পণ্য সামগ্রী যথাঃ চিনি, মশুর ডাল, সয়াবিন তেল, ছোলা ও খেজুর ইত্যাদির মূল্য নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যে টিসিবি ভোক্তাসাধারণের নিকট সাশ্রয়ী মূল্যে বিক্রয় ও সরবরাহ করে থাকে। পবিত্র রমজান, ইদ-উল ফিতর, ইদ-উল আযহা ও পূজা পার্বণসহ বিভিন্ন জরুরী প্রয়োজনে ডিলারদের মাধ্যমে নির্ধারিত দোকান ও ভ্রাম্যমাণ ট্রাকে উক্ত পণ্যসমূহ বিক্রয় করা হয়। টিসিবি'র এ সকল বিক্রয় ও বিতরণ কার্যক্রম ডিলারদের মাধ্যমে সম্পন্ন করা হয়ে থাকে। তাই যথাযথ ডিলার নিয়োগ করা টিসিবি'র জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। ডিলার নিয়োগের সময় আবেদনকারীকে আবেদনের সাথে নমুনা মোতাবেক কর্তৃপক্ষ বরাবর নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:

*আবেদন পত্রের সাথে:

১। দুই কপি ছবি।

২। ট্রেড লাইসেন্স (মুদি ব্যবসায়ী)।

৩। ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট।

৪। জাতীয় পরিচয় পত্র (NID)।

৫। আয়কর সনদপত্র (TIN)।

৬। দোকান ভাড়ার দলিল/ মালিকানার প্রমাণক ।

৭। VAT নিবন্ধন সনদপত্র (যদি থাকে)।

৮। চেয়ারম্যান/ পৌরসভা/ ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।

৯। ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ এর অনুকূলে আবেদন ফি বাবদ ৫,০০০/- টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট। আবেদন ফিসহ আবেদন কোনক্রমেই ডিলারশীপ প্রাপ্তির নিশ্চয়তা বহন করে না।

*আবেদন অনুমোদনের পর:

১০। লাইসেন্স ফি দুই বছরের জন্য ১০,০০০/- টাকা (অফেরতযোগ্য)। আবেদন অনুমোদনের পর টিসিবি'র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। প্রতি দুই বছর পর পর ডিলারশীপ মেয়াদোত্তীর্ণের পূর্বেই নবায়ন করতে হবে। নবায়ন ফি প্রতি দুই বছরের জন্য ১০,০০০/- টাকা (অফেরতযোগ্য) এবং নবায়ন বিলম্ব ফি ১,০০০/- টাকা (অফেরতযোগ্য)। বিলম্ব ফি সহ এক বছরের মধ্যেই নবায়ন করতে হবে। সময় একবছর উত্তীর্ণ হলে ডিলারশীপ নবায়ন অযোগ্য হিসেবে বিবেচিত হবে এবং জামানত বাজেয়াপ্ত হবে।

১১। জামানত বাবদ ৩০,০০০/- টাকা (ফেরতযোগ্য) টিসিবি'র অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

উপরোক্ত কাগজপত্র সহ প্রাপ্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতের ভিত্তিতে ডিলার নিয়োগ করা হয়। ডিলার নিয়োগের ক্ষেত্রে জেলা প্রশাসন কর্তৃক প্রেরিত প্রতিবেদন চূড়ান্ত বলে বিবেচিত হবে। উক্ত প্রতিবেদনের বিরূদ্ধে কোন পুনঃবিবেচনার আবেদন টিসিবি'র কার্যালয়ে গৃহীত হবে না।

তবে, কাগজপত্র যথাযথ হলে টিসিবি কর্তৃপক্ষ বর্ণিত তদন্ত ছাড়াই জরুরী প্রয়োজনে/ বিশেষ বিবেচনায় যে কোন প্রতিষ্ঠানকে দুই বছরের জন্য সাময়িক ডিলার নিয়োগ করতে পারবে। সাফল্যজনক ভাবে ২ (দুই) বৎসর সমাপ্তি বা জেলা প্রশাসকের অনুকূল প্রতিবেদনের প্রেক্ষিতে সাময়িক ডিলারগণকে নির্ধারিত পাওনাদি পরিশোধ সাপেক্ষে স্থায়ী ডিলারে পরিবর্তন করা যাবে। তবে, সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কার্যালয় হতে তদন্তপূর্বক প্রতিবেদনে বিরূপ কোন মন্তব্য পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে সাময়িক ডিলারশীপ বাতিল করে জামানত বাজেয়াপ্ত করা হবে। অর্থ বছরের যে সময়েই ডিলারশীপ অনুমোদন/ নবায়ন করা হোক না কেন তা ঐ অর্থ বছরের ১ লা জুলাই হতে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

টিসিবি'র ডিলারশীপ ডিলারের মৃত ব্যতীত হস্তান্তরযোগ্য নয়। এক্ষেত্রে, চুক্তিবদ্ধ ডিলার মৃত্যুবরণ করলে ঐ ডিলারের পরিবারের ওয়ারিশগণের সম্মতিক্রমে শুধুমাত্র ঐ পরিবারের একজন উক্ত ডিলারশীপের বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে পারবে। আঞ্চলিক কার্যালয়ের সুপারিশের প্রেক্ষিতে প্রাপ্ত আবেদন সন্তোষজনক প্রতীয়মান হলে ডিলারশীপ প্রতিস্থাপনের বিষয়টি কর্তৃপক্ষ বিবেচনা করতে পারেন। একই ব্যক্তির নামে/ একই পরিবারে একাধিক ডিলারশীপ থাকতে পারবে না। ডিলারশীপ লাইসেন্স এর মেয়াদ শেষ হলে ডিলারদের আচরণ, ব্যবহার, কার্যক্রম প্রভৃতি বিবেচনায় নিয়ে আঞ্চলিক কার্যালয় নবায়নযোগ্য বিবেচনা করলেই শুধু নবায়ন করা যাবে।

নিয়োগপ্রাপ্ত ডিলার সংশ্লিষ্ট জেলার ভৌগোলিক সীমানার যে কোন স্থানে স্থানীয় প্রশাসন বা টিসিবি'র নির্দেশমতে পণ্য বিক্রয় করতে বাধ্য থাকবেন। উল্লেখ্য, নিয়োগকারী কর্তৃপক্ষ টিসিবি'র এই নীতিমালার আওতায় প্রয়োজনে অন্য যে কোন ক্যাটাগরির ডিলারও নিয়োগ করতে পারবেন। কোন ডিলার যদি প্রতিনিধির মাধ্যমে পণ্য উত্তোলন করতে চায় তবে, প্রতিনিধিকে সার্বিক বিষয় স্পষ্ট উল্লেখপূর্বক NID সহ সত্যায়িত করে ক্ষমতার্পণ পত্র দিতে হবে এবং একই সময়ে একই ব্যক্তি একাধিক ডিলারের প্রতিনিধি হতে পারবেন না বা কোন ডিলার অপর কোন ডিলারের প্রতিনিধি হতে পারবেন না। ডিলারগণ ভ্রাম্যমাণ ট্রাকে টিসিবি'র পণ্য বিক্রয়কালীন ভোক্তা সাধারণের শৃংখলা, স্বাস্থ্যবিধি অনুসরণ, সামাজিক দুরত্ব বজায় রাখা এবং টিসিবি'র নির্দেশনা ও সরকারি স্বার্থ বিরোধী সকল প্রকার অনিয়ম রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জেলা, উপজেলা, নগর, মহানগর বা অন্য কোন এলাকার ভৌগোলিক অবস্থা, যাতায়াত ব্যবস্থা, বাণিজ্যিক গুরুত্ব প্রভৃতি বিবেচনা করে টিসিবি কর্তৃপক্ষ ডিলারের সংখ্যা নিরূপণ করবেন। এছাড়া, টিসিবি কর্তৃপক্ষ যে কোন সময় যে কোন ডিলারের কার্যক্রম, দোকান, কাগজপত্রাদির সত্যতা যাচাইয়ের জন্য প্রয়োজনীয় তদন্ত কার্যক্রম গ্রহণ করতে পারবেন এবং এ বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন।

(খ) ডিলারশীপ বাতিলঃ

নিম্নলিখিত এক বা একাধিক কারণে ডিলারশীপ বাতিল করা বা সাময়িক স্থগিত রাখা যেতে পারে;

১। ডিলারশীপ চুক্তি পত্রের মেয়াদ উত্তীর্ণের পরবর্তী এক বছরের মধ্যে নবায়ন না করা হলে।

২। টিসিবি'র অনুমতি ব্যতীত দোকানের স্থান পরিবর্তন করলে।

৩। ডিলারশীপ প্রাপ্তির জন্য যে সমস্ত বৈধ কাগজপত্র/ দলিলাদি প্রয়োজন উহা (পূর্বে বর্ণিত ১-৬) স্থগিত বা বাতিল হলে অথবা নবায়ন না করলে।

৪। কোন অভিযোগ বা অনিয়মের ভিত্তিতে স্থানীয় প্রশাসন ডিলারশীপ বাতিলের সুপারিশ করলে।

৫। বরাদ্দকৃত পণ্য বিক্রয়ে অনিয়ম, প্যাকেজে বিক্রয় বা কারচুপি করলে অথবা কালো বাজারে বিক্রয় করলে।

৬। টিসিবি'র নিকট কোন ডিলারের বিরূদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ প্রমাণিত হলে।

৭। মিডিয়ায় কোন ডিলারের বিরুদ্ধে অভিযোগ প্রকাশিত হলে, উক্ত অভিযোগের প্রেক্ষিতে কারণ দর্শানোর জবাব যথাযথ/ সন্তোষজনক না হলে।

৮। সাধারণ বরাদ্দের ক্ষেত্রে পর পর দুইবার পণ্য উত্তোলন করতে ব্যর্থ হলে এবং ট্রাকসেলের ক্ষেত্রে ৩ দিন বরাদ্দ প্রাপ্তির পরও পণ্য উত্তোলণ করতে ব্যর্থ হলে।

৯। কমপক্ষে ০২ (দুই) মেঃ টন পণ্য মজুদ করার মত দোকান/ গুদাম না থাকলে।

১০। টিসিবি কর্তৃপক্ষের বিবেচনায় কারো ডিলারশীপ বাতিল/ স্থগিত করা সমীচীন প্রতীয়মান হলে।

১১। টিসিবি নির্ধারিত সাইন বোর্ডসহ ব্যানার এবং টিসিবি কর্তৃক নির্দেশিত অন্যান্য সিদ্ধান্ত বাস্তবায়নে ব্যর্থ হলে।

১২। একই পরিবারের একাধিক সদস্যের ডিলারশীপ থাকলে (পরিবার বলতে বাবা-মা, স্বামী-স্ত্রী, অবিবাহিত ভাই-বোন, অবিবাহিত পুত্র-কন্যা বুঝাবে) এবং একই ব্যক্তির নামে একাধিক ডিলারশীপ থাকলে।

১৩। টিসিবি'র কর্মকর্তা/ কর্মচারীর পরিবারের সদস্য বা টিসিবি'র সাথে কোনরূপ চুক্তিবদ্ধ থাকলে।

১৪। কোন আদালত/ কর্তৃপক্ষ কর্তৃক পণ্য বিক্রয়ের অনিয়মের ফলে মামলা/ জরিমানা/ দন্ড প্রাপ্ত হলে।

১৫। টিসিবি'র কোন কর্মকর্তা/ কর্মচারীর সাথে অশোভন আচরণ প্রমাণিত হলে বা অসত্য অভিযোগ দায়ের করলে বা অন্য কোন মাধ্যমে মিথ্যা তথ্য প্রদান করলে।

১৬। ট্রাকসেলে পণ্য বিক্রয়কালীন টিসিবি'র অনুমোদিত মোবাইল নম্বর ব্যবহার না করা বা মোবাইল বন্ধ করে যোগাযোগ বিচ্ছিন্ন রাখলে অথবা কর্তৃপক্ষকে অবগত না করে বিক্রয়ের স্থান পরিবর্তন করলে।

১৭। সরকারি চাকুরিরত, এমপিওভুক্ত প্রতিষ্ঠানে চাকুরিরত (এমপিও বেতনভুক্ত), সরকারি অর্থায়নে পরিচালিত কোন প্রতিষ্ঠানে স্থায়ী চাকুরিরত থাকলে, জাতীয় সংসদের নির্বাচিত/ স্থানীয় পরিষদের (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা, পৌরসভা, সিটি কর্পোরেশন) নির্বাচিত প্রতিনিধির অনুকূলে প্রাপ্ত লাইসেন্স সমূহ বাতিল বলে গণ্য হবে।

১৮। নির্ধারিত সময়ের মধ্যে টিসিবি কর্তৃক কারণ দর্শানো নোটিশের জবাব দিতে ব্যর্থ হলে।

১৯। বিক্রয়কর্মীদের চিহ্নিতকরণের সুবিধার্থে টিসিবি কর্তৃক নির্ধারিত ড্রেস পরিধান করতে ব্যর্থ হলে।

২০। চুক্তিপত্রের কোন শর্ত ভঙ্গ করলে বা টিসিবি'র কোন লিখিত আদেশ অমান্য করলে।

২১। টিসিবি'র ওয়েবসাইট (tcb@tcb.gov.bd) এ আপলোডকৃত পত্রই এতদসংক্রান্ত বিষয়ে জারীকৃত আদেশ হিসাবে বিবেচিত হবে।

২২। বরাদ্দকৃত পণ্য ট্রাকসেলে বিক্রয় শেষ না হলে টিসিবি'র সংশ্লিষ্ট আঞ্চলিক কর্মকর্তার অনুমতি ব্যতীত অবৈধ মজুদ করলে।

১লা জুলাই ২০২১ খ্রিঃ হতে এ গাইড লাইন কার্যকর হবে এবং এতদসংক্রান্ত পূর্বের সকল নির্দেশনা বাতিল বলে গণ্য হবে। টিসিবি কর্তৃপক্ষ এ গাইড লাইনের ভিত্তিতে সময়োপযোগী অন্যান্য আবশ্যক নির্দেশনা প্রণয়ন ও জারী করবেন। অত্র গাইড লাইনে যাহাই উল্লেখ থাকুক না কেন কর্তৃপক্ষের সিদ্ধান্ত এক্ষেত্রে চূড়ান্ত বলে বিবেচিত হবে।

২৮.৬.২০২১
(আলেয়া খাতুন)
উপসচিব
প্রধান কর্মকর্তা (সিএমএস ও বিওবি)